আজকের কাগজ

আজকের কাগজ

তারিখ 27 JUN 1992

পৃষ্ঠা 7 কলাম 8

# আজ থেকে ঢাঃ বিঃ ক্লাস শুরু হচ্ছে

**কাগজ প্রতিবেদক :** ২০ দিন কর্মবিরতি শেষে দাবি মেনে নেয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্মসূচি তুলে নেয়ার ফলে আজ থেকে আবার ক্লাস শুরু হচ্ছে। পদার্থ বিজ্ঞানের একজন শিক্ষককে একজন ছাত্র লাঞ্ছিত করলে এর প্রতিবাদে ও হামলাকারীর বিচার দাবিতে গত ৬ জুন থেকে অনির্দিষ্টকালের জন্যে কর্মবিরতি শুরু হয়। উল্লেখ্য, শিক্ষক সমিতির দাবির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিজ্ঞান/অনুষদের ডীন ডঃ মসিহুজ্জামানের নেতৃত্বে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে। একাডেমিক কাউন্সিল ও ডিসিপ্লিনারী বোর্ড হামলাকারী পদার্থ বিজ্ঞান শেষ বর্ষের ছাত্র শেখ আনসার আলীকে তার অসদাচরনের জন্যে দোষী করে এবং গত ২৪ জুন সিন্ডিকেটের সভায় একাডেমিক কাউন্সিল ও ডিসিপ্লিনারী বোর্ডের সুপারিশক্রমে শেখ আনসার আলীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, তার অনার্স ডিগ্রী বাতিল এবং তাকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে।

এদিকে গতকাল সিন্ডিকেটের এই সিদ্ধান্ত বাতিল করার দাবিতে ক্যাম্পাসে কয়েকশ' ছাত্র একটি মিছিল বের করে। তারা এই দাবি বাস্তবায়নের লক্ষ্যে সাধারণ ছাত্র অধিকার কমিটি নামে একটি কমিটি গঠন করে এবং এক সমাবেশে এই সিদ্ধান্তকে 'একতরফা ও অনিয়মতান্ত্রিক' বলে আখ্যায়িত করেন। সন্ধ্যায় টিএসসিতে এক বিক্ষোভ মিছিলে তারা সিন্ডিকেট ও শিক্ষক সমিতির বিরুদ্ধে শ্লোগান দেয়। পরে 'ডাসের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন গোলাম মোস্তফা। তিনি ডঃ বদরুল আলমের কীর্তি কলাপের তদন্ত করার দাবি করে বলেন, তিনি আনসার আলীকে ইচ্ছাকৃতভাবে গত ৩ বছর ফেল করিয়েছেন। দরকার হলে এই অবৈধ সিদ্ধান্তের বিরুদ্ধে কোর্টে মামলা করবেন বলেও তিনি উল্লেখ করেন। এই সিদ্ধান্তের প্রতিবাদে আজ অপরাজেয় বাংলার পাদদেশে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হবে।